

## ভারত-পর্তুগাল সামাজিক নিরাপত্তা চুক্তি

১) ভারত ও পর্তুগালের মধ্যে একটি সামাজিক নিরাপত্তা চুক্তি (এসএসএ) স্বাক্ষরিত হয়েছিল ৪ মার্চ, ২০১৩, নয়াদিল্লিতে। ৭ ফেব্রুয়ারি ২০১৭, পর্তুগাল প্রাসঙ্গিক সাংবিধানিক ও আইনগত আনুষ্ঠানিকতা সম্পন্ন করে ভারতকে এসএসএ কার্যকর করতে বলেছে। এসএসএ-র ২২ নম্বর অনুচ্ছেদ অনুসারে, বলা হয়েছে সংশ্লিষ্ট দেশকে বিজ্ঞপ্তি জারির তারিখ থেকে ৯০ দিনের মধ্যে আভ্যন্তরীণ আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে। বিধি অনুসারে ভারত ও পর্তুগালের মধ্যে এসএসএ ৮ মে, ২০১৭ তারিখে বলবৎ হবে।

২) দ্বিপাক্ষিক সামাজিক নিরাপত্তা চুক্তি পেশাদারদের স্বার্থ রক্ষা করবে, বিদেশে কর্মরত দক্ষ শ্রমিকদের সামাজিক নিরাপত্তা খাতে দ্বিগুণ খরচ এড়াতে সাহায্য করবে, রফতানি (চালানি) করা অনেক সহজ হবে, তারা সমষ্টিগত সহযোগিতায় (দ্বুই দেশ) বেশ কিছু উপকার পাবে।

৩) পর্তুগালের সঙ্গে এসএসএ পর্তুগালে বসবাসকারী ভারতীয়দের নিম্নলিখিত সুবিধাগুলি দেবে—

ক) পাঁচ বছরের মতো স্বল্পমেয়াদি চুক্তির ক্ষেত্রে, পর্তুগীজ আইন অনুসারে কমহীন শ্রমিকদের কোনও নিরাপত্তা সংক্রান্ত অর্থ প্রদান করতে হবে না। এই সুবিধা পাওয়া যাবে তৃতীয় দেশের কর্মী ভারতীয় সংস্থার হয়ে পর্তুগালে কাজ করার ক্ষেত্রেও।

খ) ভারতীয় শ্রমিকরা সামাজিক নিরাপত্তা সংক্রান্ত সুবিধা পাবে পর্তুগালে তাদের কাজ শেষ করে ভারতে ফেরার সময়ও। যাঁরা স্বনির্ভর শ্রমিক তাঁরাও নিরাপত্তা সংক্রান্ত এই সুবিধা পাবেন।

গ) এক ঠিকাদারি সংস্থার হয়ে কাজ করার পর অন্য সংস্থায় যোগ দেওয়ার সময়ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত সুযোগ-সুবিধা পাওয়া যাবে।

৪) এই তারিখে ‘গুরুত্বপূর্ণ’ সামাজিক নিরাপত্তা সংক্রান্ত চুক্তি (এসএসএ) আরও ১৭টি দেশের সঙ্গে স্বাক্ষরিত করল ভারত। এই ১৭টি দেশ হল—অস্ট্রেলিয়া, অস্ট্রিয়া, বেলজিয়াম, কানাডা, চেক প্রজাতন্ত্র, ডেনমার্ক, ফিনল্যান্ড, ফ্রান্স, হাঙ্গেরি, জাপান, লুক্সেমবার্গ, নেদারল্যান্ড, নরওয়ে,

পর্তুগাল, সুইডেন, সুইজারল্যান্ড এবং দক্ষিণ কোরিয়া। এছাড়াও ভারত জার্মানির  
সঙ্গে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত চুক্তি কার্যকর করার কাজ শুরু করেছে।

৫) গুরুত্বপূর্ণ এসএসএ ভারত-পর্তুগালের মধ্যে, যা ৮ মে ২০১৭ থেকে  
কার্যকর, এর গুরুত্বপূর্ণ প্রভাবে ভারতীয় ও পর্তুগীজ সংস্থাগুলি অন্যান্য বিদেশি  
সংস্থার থেকে অনেক কম খরচে ব্যবসা করার সুযোগ পাবে। এসএসএ দু'দেশের  
মধ্যে বিনিয়োগকে আরও গতিশীলতা দান করবে।

**নয়াদিল্লি**

**ফেব্রুয়ারি ১৭, ২০১৭**